

# বিপাবলিক অফ ফিজির প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

22শে মে, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ সহযোগিতা (FIPIC) ফোরামের তৃতীয় শীর্ষ সম্মেলনের দিন 22শে মে 2023 এ ফিজি প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী মহামান্য মিঃ সিতিভনি লিগামামাদা রাবুকোর সাথে দেখা করেন।

2. এটিই ছিল দুই দেশের নেতার মধ্যে প্রথম বৈঠক।

3. প্রধানমন্ত্রী স্মরণ করেন যে 2014 সালের নভেম্বরে ফিজিতে তাঁর সফরের সময় FIPIC চালু করা হয়েছিল এবং তখন থেকে প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ দেশগুলির (PIC) সাথে ভারতের সহযোগিতা আরও গভীর হওয়ার কথা উল্লেখ করেছেন।

4. উভয় দেশের নেতাই দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ এবং বহুমুখী উন্নয়ন অংশীদারিত্ব পর্যালোচনা করেছেন এবং সক্ষমতা বৃদ্ধি, স্বাস্থ্যসেবা, জলবায়ু কর্ম, নবায়নযোগ্য শক্তি, কৃষি, শিক্ষা এবং তথ্য প্রযুক্তি সহ গুরুত্বপূর্ণ খাতে অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেছেন।

5. দুই দেশের নেতাই আঞ্চলিক উন্নয়নের বিষয়েও মত বিনিময় করেছেন এবং বহুপাক্ষিক ফোরামে সহযোগিতা আরও গভীর করতে সম্মত হয়েছেন।

6. ফিজির রাষ্ট্রপতি, মহামান্য মিঃ রাতু উইলিয়াম মাইভালিলি কাটোনিভেরের পক্ষে, প্রধানমন্ত্রী রাবুকো প্রধানমন্ত্রী মোদিকে ফিজি প্রজাতন্ত্রের সর্বাঙ্গ সন্মান - কম্প্যানিয়ন অফ দ্য অর্ডার অফ ফিজি (CF) দিয়ে ভূষিত করেছেন।

7. প্রধানমন্ত্রী মোদি এই সন্মানের জন্য ফিজির সরকার এবং জনগণকে ধন্যবাদ জানিয়েছেন এবং এটি ভারতের জনগণ এবং ফিজি-ভারতীয় সম্প্রদায়ের প্রজন্মের জন্য উৎসর্গ করেছেন, যারা দুই দেশের মধ্যে বিশেষ এবং স্থায়ী বন্ধনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

**পোর্ট মোরেসবি**

**22 মে, 2023**